


শুরু হলো বিনোদন পাতার নতুন বিভাগ 'বুদ্ধির খেলা'। প্রতিযোগিতামূলক এ খেলায় আপনিও অংশ নিতে পারেন। উত্তর লিখে পাঠান আমাদের ঠিকানায়- বুদ্ধির খেলা, সাপ্তাহিক ২০০০, ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম, অ্যাডিনিউ, ঢাকা-১২১৫। প্রতি মাসে সঠিক উত্তরদাতাদের মাঝ থেকে লটারির মাধ্যমে পুরস্কার দেয়া হবে



ছবির ধাঁধা

ধরুন পাশের ছবিতে একটি কাঠের টুকরো আছে যাতে আপনি ৫টি সমান বর্গাকার ঘর দেখতে পাচ্ছেন। এখন আপনাকে এই কাঠের টুকরোটিকে করা দিয়ে কেটে তিনটে টুকরো করতে হবে এবং এই টুকরো এমনভাবে করতে হবে যেন সেই তিনটি টুকরো একত্র করে একটি পূর্ণ বর্গ তৈরি করা যায়। টুকরো করতে গিয়ে আপনি করতে চালাবেন সরলরেখায় অর্থাৎ আঁকাবাঁকা বা গোল করে কাঠ কাটতে পারবেন না। এবার এই তিনটি টুকরো একত্রে জোড়া দিয়ে একটি পূর্ণ বর্গাকার টুকরোতে পরিণত করুন। সমাধান করতে নিজে একটি সাদা কাগজে প্রদত্ত টুকরোটি আঁকুন। তারপর নিজে মাথা খাটিয়ে দাগ কেটে কাক্ষিত টুকরোগুলো তৈরি করুন।

ডাঙা বৈচিত্র্য



ইগবো (Igbo)

এটি নাইজেরিয়ার চারটি দাপ্তরিক ভাষার একটি। ভাষাটি নাইজার-কঙ্গো ভাষা পরিবারের ভোল্টা-নাইজার শাখার সদস্য। নাইজেরিয়া এবং নিরক্ষীয় গায়ানার প্রায় ১ কোটি ৮০ লাখ মানুষ এ ভাষায় কথা বলেন।

জি.পি.এ ওলডেনডর্প নামের এক জার্মান মিশনারি ১৭৭৭ সালে ইগবো ভাষায় প্রথম বই রচনা করেন। অবশ্য এ বইয়ে ইগবো ভাষার সমৃদ্ধ ব্যবহার হয়নি। ইগবো ভাষায় প্রথম পূর্ণাঙ্গ বই প্রকাশ করেন সাবেক দাস এবং শিক্ষক স্যামুয়েল আজায়ানি ক্রোথার ১৮৫৭ সালে। বইটির নাম 'ইসোয়ামা-ইবো'। ক্রোথার একজন বিশিষ্ট ভাষাবিদও। এ ভাষার অনেক উপভাষা আছে। ১৯৬২ সালে ওয়েরি এবং উমুহায়িয়া উপভাষাকে ভিত্তি করে ইগবো ভাষার আদর্শ লিখিত রূপ গ্রহণ করা হয়।

১ মিনিটে সমাধান করুন

১. 'new door' শব্দ দুটির অক্ষরগুলোকে নতুন করে সাজিয়ে নতুন দুটি শব্দ তৈরি করুন।




- কোন খেলার জুতো পুরো লোহার তৈরি?
- লাল ঘর তৈরিতে ব্যবহার করা হলো লাল ইট, কালো ঘর তৈরিতে কালো ইট, হলুদ ঘর তৈরিতে হলুদ ইট, তাহলে সবুজ ঘর তৈরিতে কোন ইট ব্যবহার করা হবে?
- এক ছাতার নিচে তিনজন

মানুষ গাদাগাদি করে দাঁড়ালেন কিন্তু কেউই সামান্য একটুও ভিজলেন না কেন?

৫. আপনাকে একটি পানিভর্তি বাথটাবের পানি নিষ্কাশনের জন্য একটি মগ, একটি কাপ এবং একটি চা চামচ দেয়া হলো। আপনি কোনটি ব্যবহার করবেন?

● গত সংখ্যার ছবির ধাঁধার উত্তর



গত সংখ্যার উত্তর ১ মিনিটে সমাধান

- ১৯৯ টাকার চেয়ে ২০০ টাকার বেশি দামি কারণ ১ টাকা বেশি যে!
- তৃতীয়জনের নাম 'ক'
- শব্দ চারটি হলো- dwarf, dwell, dweeb, dwindle
- বেশি আপনার স্থানও দ্বিতীয় হবে কারণ আপনি টপকেছেন দ্বিতীয় জনকে।

বিচিত্র



পানির বোতল বলবে পানের সময়

শরীরের প্রয়োজন মেটাতে আমাদের প্রতিদিন পান করতে হয় কমপক্ষে আট গ্লাস পানি। আর সময়মতো পান করা খুবই জরুরি। কিন্তু বেশিরভাগ সময়ই আমরা ভুলে বসে থাকি সময়মতো পানি পান করতে। অনেকের তো দৈনিক আট গ্লাস পানিই পান করা হয় না। ফলে শরীরের নির্দিষ্ট পরিমাণ পানির চাহিদা অনেক সময়ই মিটিয়ে না, যা আমাদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। তবে এ নিয়ে

দুর্ভাগ্যের সময় বুদ্ধি ফুরালো। কেননা ফ্রান্সের বোতলজাত পানির ব্র্যান্ড 'ভিটেল' নিয়ে এসেছে এমনই এক বোতল, যা আমাদের ঘন্টায় ঘন্টায় মনে করিয়ে দেবে পানি পানের কথা। এই বোতলের ছিপিটা তৈরি হয়েছে বিশেষ পদ্ধতিতে, যেখানে একটি টাইমার যুক্ত রয়েছে, যা প্রতি ঘন্টায় অ্যালার্ম দেবে। পানি পান শেষে বোতলের ছিপি আটকে দিয়ে আবারো অ্যালার্ম সেট করতে হবে। আর তাহলেই ঘন্টায় মনে পড়বে পানি পানের কথা।